# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

### নন-টেকনিক্যাল পদ

১। ৳ঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে "হিসাব রক্ষক", (ক) ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপের ১টি স্থায়ী পদ (খ) পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউটের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে হিসাব রক্ষণ ও বাজেট প্রস্তুতকরণ কাজে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

২। ৳ঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে " প্রধান সহকারী", ছাত্রকল্যাণ পরিদপ্তরের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "পি.এ", উপাচার্য অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ কম্পিউটারে MS Word, MS Excel এবং MS Power point এ দক্ষতা থাকতে হবে। সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

৪। ৳ঃ ১০২০০-২৪৬৮০/- বেতন স্কেলে "সিকিউরিটি ইন্সপেক্টর" রেজিস্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং এর ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ অবসরপ্রাপ্ত 'এন.সি.ও' অথবা ইহার সমমানের যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। বয়সসীমা ৫০ (পঞ্চাশ) বছরের উর্দ্ধে নয়।

৫। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "এল.ডি.এ. কাম-কম্পিউটার অপারেটর", রেজিস্ট্রার অফিসের ২টি স্থায়ী পদ, ইনস্টিটিউট অব এনার্জি এন্ড সাসটেইনএবেল ডিভেলপমেন্ট- এর ১টি স্থায়ী পদ, আই.আই.সি.টি এর ১টি স্থায়ী পদ, পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে MS Word, MS Excel এবং Power Point-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৬। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর", বস্তু ও ধাতব কৌশল বিভাগের ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি সমমানের (বাণিজ্য হইলে অগ্রধিকার) পরীক্ষা পাশ এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৭। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "সহকারী ক্যাশিয়ার", কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ হিসাব নিকাশের কাজে জ্ঞান থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৮। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে "অফিস এটেনডেন্ট", দূর্ঘটনা রিসার্চ ইনস্টিটিউট এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ অফিসের কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৯। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "গার্ড", রেজিস্ট্রার অফিসের অধীন এস্ট্রেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং এর ৯টি স্থায়ী পদ, আহসান উল্লা হল এর ১টি স্থায়ী পদ, সাবেকুন নাহার সনি হল এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

১০। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "পরিচ্ছন্নতাকর্মী", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ, ড.এম.এ. রশীদ হলের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে জেএসসি পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বিঃ দ্রঃ ক্রমিক নং ১ হইতে ৮ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

অনলাইনে https://recruitment.buet.ac.bd/ সাইটের মাধ্যমে প্রতিটি পদের নাম অনুযায়ী আলাদা আলাদা আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের অনাপত্তিপত্র অথবা অগ্রায়ণপত্র অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি অনলাইনের মাধ্যমে পরিশোধের প্রক্রিয়া সাইটের "Application Guideline " মেনুতে বর্ণনা করা হয়েছে। ক্রমিক নং ১ হতে ৭ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৳ঃ ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক নং ৮ হতে ১০ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৳ঃ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদনে উল্লেখিত তথ্যে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে কিংবা আবেদনকারীর যোগ্যতা উল্লিখিত যোগ্যতার কম হলে যে কোন পর্যায়ে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলে গণ্য হবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বছর বুয়েটের কোন চাকুরীর জন্য আবেদন করলে তা বিবেচিত হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card ওয়েব সাইট থেকে ডাউনলোড করতে পারবে।

আবেদন সংশ্লিষ্টে কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (regoffice.buet.ac.bd)-এ প্রকাশ করা হবে।

**অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ ঃ ১০/০৯/২০২৩**

19/08/23

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অ.দা.)